বৃহস্পতিবার ৮ অক্টোবর ২০২৬
২৩ আশ্বিন ১৪৩৩

যুগান্তর

/DailyJugantor /DainikJugantor www.jugantor.com

মার্কেন্টাইল ব্যাংক পিএলসি.

প্রগতি সরণি শাখা, ঢাকা।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারার বিধান মোতাবেক

বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি ঃ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি., প্রগতি সরণি শাখা, ঢাকা এর খেলাপী ঋণগ্রহীতা মেসার্স তাকওয়া অটো ইমপোর্টস, স্বত্বাধিকারী জনাব এ, কে, এম মজিবুর রহমান, ঠিকানা : ২৭১/বি, বায়তুল হুদা মসজিদ রোড, ওয়ার্ড-০৩, সিপাহীবাগ, উত্তর গোড়ান, খিলগাঁও, ঢাকা-১২১৯ এবং ফ্লাট নম্বর : ১/এ, রোড নম্বর : ০২, প্লট নম্বর : ১১৭, ব্লক নম্বর : এ, বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা; এর নিকট ৩০.০৯.২০২৬ ইং তারিখ পর্যন্ত সুদাসল ও অন্যান্য খরচাসহ অত্র ব্যাংকের মোট পাওনা টাকা ৫,৪৭,৩১,৭৪২.৪২ (পাঁচ কোটি সাতচল্লিশ লক্ষ একত্রিশ হাজার সাতশত বিয়াল্লিশ টাকা বিয়াল্লিশ পয়সা) মাত্র এবং আদায়কালতক সুদ ও অন্যান্য পাওনা আদায়ের নিমিত্তে ঋণের বিপরীতে বন্ধকদাতা (১) জনাব এ, কে, এম মজিবুর রহমান, পিতার নাম : মো: মতিয়ার রহমান মিঞা, মাতার নাম : মাজিদা বেগম, ঠিকানা : ২৭১/বি, বায়তুল হুদা মসজিদ রোড, ওয়ার্ড-০৩, সিপাহীবাগ, উত্তর গোড়ান, খিলগাঁও, ঢাকা-১২১৯ এবং ফ্লাট নম্বর : ১/এ, রোড নম্বর : ০২, প্লট নম্বর : ১১৭, ব্লক নম্বর : এ, বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা; এবং বন্ধকদাতা (২) মিসেস নাদিরা রহমান, পিতার নাম : জালাল উদ্দিন তালুকদার, মাতার নাম : আঞ্জুমানারা, ঠিকানা : ২৭১/বি, বায়তুল হুদা মসজিদ রোড, ওয়ার্ড-০৩, সিপাহীবাগ, উত্তর গোড়ান, খিলগাঁও, ঢাকা-১২১৯ এবং ফ্লাট নম্বর : ১/এ, রোড নম্বর : ০২, প্লট নম্বর : ১১৭, ব্লক নম্বর : এ, বসুন্ধরা আবাসিক এলাকা, ঢাকা; কর্তৃক অত্র ব্যাংকের অনুকূলে বন্ধকীকৃত ও আম-মোক্তারনামা দলিলবলে বিক্রয়ের ক্ষমতাপ্রাপ্ত নিম্ন তফসিল বর্ণিত জমি বিক্রয়ের লক্ষ্যে আগ্রহী নিলাম ক্রেতাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাধীনে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

দরপত্রের শর্তাবলী ঃ

১. আগ্রহী দরদাতাগণকে তার বা তাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে আগামী ০৫.১১.২০২৬ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর 'সম্পত্তি ক্রয়ের দরপত্র' লিখিয়া অত্র শাখায় রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা দিতে হবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকায় ব্যাংক কর্তৃপক্ষ দরদাতা বা তাদের প্রতিনিধিদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খুলবেন। রেজিস্ট্রিকৃত ডাকে প্রেরিত দরপত্র উক্ত তারিখে নির্দিষ্ট সময়ের মধ্যে পৌঁছাতে হবে। দরপত্রে দরপত্রদাতার নাম, পিতা/মাতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন নং কোম্পানী/ফার্মের ক্ষেত্রে তার নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা উল্লেখ করতে হবে। দরপত্রের সাথে দরদাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

২. প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব দশ লক্ষ টাকা হলে উহার ২০%, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর পঞ্চাশ লক্ষ টাকার অধিক হলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানতস্বরূপ যে কোনো তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে মার্কেন্টাইল ব্যাংক পিএলসি., প্রগতি সরণি শাখা, ঢাকা-এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে। পৃথক পৃথক তফসিলের জন্য পৃথক পৃথক ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে।

৩. অনূর্ধ্ব দশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং পঞ্চাশ লক্ষ টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করতে হবে। ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানত বাজেয়াপ্ত করতে পারবে।

৪. উপরোক্ত অনুচ্ছেদ-৩ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে মার্কেন্টাইল ব্যাংক পিএলসি. কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি খরিদ করতে আহ্বান করতে পারবেন।

৫. আগ্রহী দরদাতাগণ দরপত্র প্রদানের পূর্বে সংশ্লিষ্ট শাখা হতে তফসিল বর্ণিত সম্পত্তির মালিকানা সংক্রান্ত দলিলাদি সংগ্রহ করে যাচাই বাছাই করিতে পারবেন। দরপত্র দাখিলের পর মালিকানা বিষয়ক কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৬. মার্কেন্টাইল ব্যাংকে পিএলসি. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোনো দরপত্র গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষণ করেন। পৃথক পৃথক তফসিলের জন্য পৃথক পৃথক দরপত্র দাখিল করা যাবে।

৭. কৃতকার্য দরদাতাকে সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচসহ ট্যাক্স ও অন্যান্য খরচাদি (সরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার পাওনা) বহন করতে হবে।

৮. দরপত্র জমা দেয়ার পরে বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, আকৃতি, প্রকৃতি, অবস্থান ও স্বত্বের দলিলপত্র সম্পর্কে দরদাতার কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

বন্ধকীকৃত সম্পত্তির তফসিল ঃ

তফসিল-১ : পরিমাপ অনুযায়ী ১,৮২৫ (এক হাজার আটশত পঁচিশ) বর্গফুটের ০১ (এক) টি ফ্ল্যাটের সমস্ত প্রাঙ্গণ, যা ২য় তলায় উত্তর-পূর্ব দিকে অবস্থিত, যার সাথে নিচ তলায় ১২০ (একশত বিশ) বর্গফুটের ১ (এক) টি কার পার্কিংয়ের জায়গা এবং ২৩৪ বর্গফুট গার্ডেন এরিয়াসহ সর্বমোট পরিমাপ (১,৮২৫+১২০+২৩৪)=২,১৭৯ (দুই হাজার একশত উনআশি) বর্গফুট, যা একটি ০৮ (আট) তলাবিশিষ্ট আবাসিক ভবনে অবস্থিত ভবনটি "VHL MADHOBILATA" নামে অভিহিত ও পরিচিত, সাথে মোট ৭.৫০ (সাত দশমিক পাঁচ শূন্য) কাঠা, মোট জমির মধ্যে ৮৮.৩৫৭১ (আটাশি দশমিক তিন পাঁচ সাত এক) অযুতাংশ অবিভক্ত ও অচিহ্নিত আনুপাতিক হারের জমির মালিকানাসহ, যা জেলা : ঢাকা, পুলিশ স্টেশন এবং সাব-রেজিস্ট্রি অফিস : বাড্ডা; জে.এল. নং সি.এস. ২৭১ এবং এস.এ. ১১০, মৌজা : জোয়ারসাহারা, সি.এস. খতিয়ান নং ৪৮/১৫৮, এস.এ. খতিয়ান নং ১৬৭, আর.এস. খতিয়ান নং ২৩৯০, ঢাকা সিটি জরিপ খতিয়ান নং ৬৫৩২, তদানুসারে সি.এস. ও এস.এ. দাগ নং ১৫৭৫, আর.এস. দাগ নং ৬০৮২, ঢাকা সিটি জরিপ দাগ নং ৫৯২০৫, নামজারি খতিয়ান নং ২৪৬৯৪, জোত নং ১৪৯/১২৮-এ অবস্থিত; সাথে প্লট ও সিঁড়ির সীমানার ভেতরের আনুষঙ্গিক বিষয়াদি যেমন- সাধারণ করিডোর, লিফট/সিঁড়ি, দেয়াল, পয়ঃনিষ্কাশন ব্যবস্থা, হাঁটার সাধারণ রাস্তা, বিদ্যুৎ, পানি, গ্যাস লাইন, জেনারেটর এবং ভবনের সাথে সংযুক্ত খোলা ছাদ ব্যবহারের ও উপভোগ করার অধিকারসহ, ফ্ল্যাটের মালিক জনাব এ, কে, এম মজিবুর রহমান; উক্ত সম্পত্তির চৌহদ্দি নিম্নরূপ : উত্তরে : রাস্তা, দক্ষিণে : প্লট নং ১৩২, পূর্বে : প্লট নং ১১৮, পশ্চিমে : প্লট নং ১১৬.

তফসিল-২ : ৫.২৫ শতাংশ (কম-বেশি) জমির মধ্যে ৪.৫২ (চার দশমিক পাঁচ দুই) শতাংশ পরিমাপের জমি এবং তার উপর অবস্থিত ৫ (পাঁচ) তলা ভবন, যা জেলা-ঢাকা, পুলিশ স্টেশন-সবুজবাগ, সাব-রেজিস্ট্রি অফিস-খিলগাঁও [সাবেক-সূত্রাপুর]-এর অধীনে, ঢাকা কালেক্টরেট তৌজি নং ৬০১৯, জে.এল. নং সি.এস-২৮৯, এস.এ.-১২১, আর.এস-৪০, ঢাকা সিটি জরিপ-০৩, মৌজা-মেরাদিয়া; সি.এস. খতিয়ান নং ৬৫, এস.এ. খতিয়ান নং ৯৯, আর.এস. খতিয়ান নং ৮৬, ঢাকা সিটি জরিপ খতিয়ান নং ১৯৫৫, তদানুসারে সি.এস. ও এস.এ. দাগ নং ৭৮০, আর.এস. দাগ নং ১০৩৯, ঢাকা সিটি জরিপ দাগ নং ৮২৪৯, এস.এ. নামজারি খতিয়ান নং ২/১, তদানুসারে দাগ নং ৭০০ (নামজারি ও জমাভাগ কেস নং ১১৪২৬/১৯৯০-১৯৯১, তারিখ : ০৮.০৪.১৯৯১ অনুযায়ী) জোত নং ৪/১১ এর অধীনে অবস্থিত; জমির মালিক মিসেস নাদিরা রহমান, উক্ত সম্পত্তির চৌহদ্দি নিম্নরূপ : উত্তরে : জিল্লুর করিম; দক্ষিণে : তহুরুন নেসা চৌধুরী; পূর্বে : আবদুস শহীদ, পরবর্তীতে রাস্তা; পশ্চিমে : জিল্লুর করিম।

পক্ষে : ভাইস প্রেসিডেন্ট এবং শাখা প্রধান, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি., প্রগতি সরণি শাখা, ঢাকা। ফোন নম্বর : +৮৮০ ১৭৫৫-৫৯৬১৭৬, +৮৮০ ৯৬৭৮-১৪২১৪৭।